দৈনিক বাংলা

তারিখ 20 JUL 1988
পৃষ্ঠা 12 কলাম 6

032

# প্রতিভা বিকাশে শিক্ষার সুষ্ঠু পরিবেশ পূর্বশর্ত ঃ আনিস

শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ ছাত্রদের প্রতিভার বিকাশ ঘটানোর সুযোগ-সুবিধার জন্য সুষ্ঠু শিক্ষা পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গতকাল বিশেষ গুরুত্ব আরোপ করেন।

ঢাকায় গবর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি ভাষণ দিচ্ছিলেন। স্কুলের যেসব ছাত্ররা ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় মেধা তালিকায় শীর্ষ স্থান লাভ করেছে, তাদের সংবর্ধনা জানাতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর বাসসর।

মন্ত্রী বলেন, মেধাবী ছাত্ররা সমাজের অমূল্য সম্পদ। তিনি বলেন, বাড়িতে ও বাড়ির বাইরে উপযোগী পরিবেশ সৃষ্টিই হল ছাত্রদের প্রতিভা বিকাশের পূর্বশর্ত।

সন্তানদের মনে নৈতিক মূল্যবোধ জাগাতে করতে এগিয়ে আসার জন্য তিনি পিতামাতাদের প্রতি আহবান জানান।

বাসসর খবরে বলা হয়, স্কুলের প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ নূরুল হক ভুইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরো ভাষণ দেন শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার ডিরেক্টর জেনারেল ডঃ এ এইচ এম করিম।